দৈনিক খবর

তারিখ ... 15 OCT 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... ৬ ...

139

# শিক্ষাঙ্গনে সন্ত্রাস রোধে শিক্ষক নেতৃবৃন্দ অঙ্গীকারাবদ্ধ

শিক্ষক সংগঠনের নেতৃবৃন্দ শিক্ষাঙ্গনের সন্ত্রাস বন্ধ ও সেশন জট নিরসনে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর অঙ্গীকার করেছেন। রোববার শিক্ষা মন্ত্রণালয়ের সভা কক্ষে শিক্ষামন্ত্রী ব্যারিস্টার জমির উদ্দিন সরকারের সাথে বিভিন্ন শিক্ষক সংগঠনের প্রতিনিধি সমনয়ে গঠিত জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দের এক সভায় নেতৃবৃন্দ এ প্রতিশ্রুতি দেন। শিক্ষা সচিব আ ন ম ইউসুফ সভায় উপস্থিত ছিলেন। তথ্য বিবরণী।

সভায় বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী বলেন, মুষ্টিমেয় কিছু উচ্ছৃংখল ছাত্র কর্তৃক শিক্ষাঙ্গনে সন্ত্রাস চালানোর ফলে সামগ্রিকভাবে শিক্ষা প্রতিষ্ঠানগুলো ও শিক্ষা ব্যবস্থা আজ সমস্যার সম্মুখীন। তিনি বলেন, সামগ্রিকভাবে ছাত্র সমাজ এ সন্ত্রাস বিরোধী এবং বিভিন্ন ছাত্র সংগঠন নেতৃবৃন্দ আজ সন্ত্রাস প্রতিরোধে প্রতিশ্রুতিবদ্ধ।

ব্যারিস্টার জমির উদ্দিন সরকার বলেন, বর্তমান গণতান্ত্রিক সরকার শিক্ষা প্রশাসনসহ প্রশাসনের প্রতিটি স্তর থেকে দুর্নীতির মূলোৎপাটনে বদ্ধপরিকর। তিনি বলেন, বেসরকারী শিক্ষকদের বেতন অনুদান প্রদানে অনিয়ম ও দুর্নীতিসহ শিক্ষা প্রশাসনে যে কোন দুর্নীতির বিরুদ্ধে সরকার কঠোর ব্যবস্থা গ্রহণ করবে। তিনি একটি সুখী সমৃদ্ধ সমাজ নির্মাণের লক্ষ্যে দেশে শিক্ষার হার বৃদ্ধিকল্পে সর্বাত্মক প্রচেষ্টা চালানোর জন্যেও শিক্ষকদের প্রতি আহবান জানান।

সভায় অন্যান্যের মধ্যে মিসেস রহিমা খোন্দকার এমপি, মিসেস লুৎফুন্নেছা হোসেন এমপি, জাতীয় শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক এম শরিফুল ইসলাম, সহসভাপতি এম মোজাফফর হোসেন, বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব নজরুল ইসলাম, বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি ও মহাসচিব বজলুর রহমান ও জসীম উদ্দিন।